

নিজের পৃথিবী তৈরি করুন*

ভূমিকা: অংশগ্রহণকারীরা তাদের মস্তিষ্ক ও আবেগের গভীরে ডুব দিয়ে তারা যে গ্রহে বাস করছে সেই গ্রহ এবং তারা যে গ্রহে কখনোই থাকতে চায় না সেই গ্রহের মধ্যে তফাৎ তুলে ধরবে। কাজটির শেষে তারা বুঝতে পারবে যে, ব্যক্তি হিসাবেও ছোট ছোট ও ধারাবাহিক প্রচেষ্টার মাধ্যমে এই পৃথিবীতে তাদের অনেক অবদান রাখার সুযোগ রয়েছে।

জলবায়ু পরিবর্তন- সংক্রান্ত কার্যক্রম

সময়

৪৫ মিনিট

জটিলতা

মাঝারি

সরঞ্জাম

কম্পাস, সাদা চার্ট পেপার,
কম্পাস, পেন্সিল, ইরেজার,
রঙিন কলম

*এই কার্যক্রমটি

লিমিটলেস প্রজেক্টের

টাওয়ারগ্যানিক্সের সাথে

যুক্ত ধারাবাহিক শিক্ষার

পরবর্তী অংশ হিসাবে তৈরি

করা হয়েছে।

ধাপ ১

- একটি সাদা চার্ট পেপার নিন এবং এটিকে দুভাগে ভাগ করুন (কাগজ কাটতে হবে না, শুধু মাঝ বরাবর একটি দাগ দিয়ে নিন)।

ধাপ ২

- এক ভাগের ওপরের দিকে লিখুন 'যে পৃথিবী দেখতে চাই' এবং অন্য ভাগের ওপর দিকে লিখুন 'যে পৃথিবী কক্ষনো দেখতে চাই না'।

ধাপ ৩

- (একটি কম্পাস নিয়ে) দুটি ভাগেই একটি করে বিশাল বৃত্ত আঁকুন।

ধাপ ৪

- বৃত্তগুলোতে পৃথিবীর মানচিত্র আঁকুন।

ধাপ ৫

- দুটি বৃত্তেই পালা করে পৃথিবীর নানা উপাদান আঁকুন (যেমন: গাছ, মানুষ, ফুল অথবা ধোঁয়া, আবর্জনা, অসুস্থ মানুষ) যেন দু'রকমের দুটি পৃথিবী দেখানো যায়।

ধাপ ৬

- শেষ করার পর দুটি ছবির মধ্যে পার্থক্য উপস্থাপন করুন।

ধাপ ৭

- একজন ব্যক্তি হিসাবে পৃথিবী ও পৃথিবী সম্পদের যত্ন নেওয়ার জন্য আপনার করণীয় ১০টি কাজের তালিকা তৈরি করুন (একই কাগজে)। যেমন: ঘর থেকে বের হওয়ার সময় বিদ্যুৎ বন্ধ করা, জন্মদিনে একটি করে গাছ লাগানো।

